দামুড়হুদার কুড়ুলগাছিতে এসএসসি ও এইচএসসি জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ মিলনায়তনে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের অধীনে ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের “সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকাল ৩টায় কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। তিনি বলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের অধীনে ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের জন্য যে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে এর জন্য আমি আয়োজকদের ধন্যবাদ জানাই, আমি আরো ধন্যবাদ ও শুভেচ্ছা জানায় জিপিএ-৫ প্রাপ্ত সকল কৃতি শিক্ষার্থীদের। তোমরা আমাদের এই সোনার বাংলাদেশের আগামী দিনের চালিকাশক্তি হবে, তোমরা হবে দেশ ও জাতীর ভবিষ্যত। তোমরা শুধু মেধাবী হলেই চলবেনা তোদের সকলে ভালো মানুষ হতে হবে এই আশা রাখবো।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগ সভাপতি হাবিবুল্লাহ বাহার, সাধারন সম্পাদক সরোয়ার হোসেন, আবকাইজার নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিচালক আবু হেনা, কুড়ুলগাছি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমীন, সদাবরী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওবায়দুল্লাহ, কুড়ুলগাছি দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার আঃ রহিম, সাংবাদিক আলী আজগর সোনা, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ সচিব শাহাবুবুর রহমান, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ডের মেম্বার ও মহিলা মেম্বারগণ, স্থানীয় সুধীজন, বিভিন্ন ইলেকট্রনিকস ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ, জিপিএ-৫ প্রাপ্ত কৃতি ছাত্র-ছাত্রী, অভিভাবক বৃন্দ, ইউনিয়ন পরিষদের কর্মচারীবৃন্দ সহ এলাকাবাসী।

কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ কামাল উদ্দিন তার সমাপনী বক্তব্যে বলেন, আমাদের কুড়ুলগাছি ইউনিয়নের মেধাবী কোন ছাত্র-ছাত্রী কলেজ-ইউনিভার্সিটিতে ভর্তি হতে আর্থিক সহযোগিতার প্রয়োজন হলে তিনি সকল ধরনের সহযোগিতা করবেন বলে ঘোষণা দেন।

উল্লেখ্য, এসএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত ২৬ জন এবং এইচএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত ১৮ জন ছাত্র-ছাত্রীকে আলোচনা সভা শেষে ২০২২ ইং সালের কুড়ুলগাছি ইউনিয়নের বিভিন্ন গ্রামের যে সকল ছাত্র-ছাত্রীরা এসএসসি ও এইচএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত হয়েছে তাদের হাতে ক্রেস্ট তুলে দেয়া হয়।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন কুড়ুলগাছি ইউনিয়নের ৯নং ওয়ার্ড মেম্বার দেলোয়ার হোসেন বিপু।

জীবননগর ও দর্শনায় পরিবেশ অধিদপ্তরের অভিযানে ৪টি ইটভাটা মালিককে জরিমানা

দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকায় চুয়াডাঙ্গার দর্শনা ও জীবননগরে ইটভাটায় পোড়ানো হচ্ছে কাঠ ও মাটি বহন ট্রাক্টরের শব্দে ৬ গ্রামের মানুষের ঘুম হারাম শিরোনামে সংবাদ প্রকাশিত হয়।

এ সংবাদের জেরে খুলনা ও কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তর বিভিন্ন ইটভাটায় অভিযান পরিচালনা করেন।

এসময় অভিযানিকদল বিভিন্ন অপরাধে ভ্রাম্যমান আদালতে ৪ ইটভাটা মালিককে ১০ লক্ষ টাকা জরিমানা আদায় করেন।

সোমবার বিকাল ৪ টায় খুলনা বিভাগীয় পরিবেশ অধিদপ্তরের এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট মো. শবিরুল ইসলামের নেতৃত্বে পরিবেশ অধিদপ্তরের ৬ (ক) ধারায় ও ১৬ ধারার দন্ড বিধি মোতাবেক বিভিন্ন অপারাধে স্টার ব্রিকসের মালিক ইদ্রিস আলীকে ২ লক্ষ টাকা ও একই অপরাধে সুপার ব্রিকসের মালিক ফরমান আলীকে ২ লক্ষ টাকা জরিমানা

আদায় করেন। এসময় অভিযানিক দল ভাটা মালিকদের হুশিয়ারি করে দিয়ে বলেন, কোন রকম ভাটায় কাঠ পোড়ানে চলবে না। এর আগে দুপুর ২ টার দিকে জীবননগর উপজেলার ২টি ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের একই অভিযানিকদল অভিযান চালায়। এ অভিযানে জীবননগরে উপজেলার অনিক ইট ভাটায় পরিবেশ অধিদপ্তর অভিযান চালিয়ে ইটভাটার মালিক রাজ্জাককে বিভিন্ন অপরাধে ৩ লক্ষ টাকা জরিমানা আদায় করেন। পরে একই অপরাধে এমএআর ইটভাটা মালিককে ৩ লক্ষ টাকা জরিমানা করেন। এ অভিযানিক দল সাংবাদিকদের জানান, আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।

উল্লেখ, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া গ্রামে অবস্থিত ইদ্রিস আলীর স্টার ব্রিকস ও দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে অবস্থিত ফরমান আলীর সুপার ব্রীকসের নামে
কয়েকদিন পূর্বে দর্শনায় দুটি ইটভাটার কারনে ৬ গ্রামের মানুষ অতিষ্ট : রাত- দিন ২৪ ঘন্টা খাল ও কৃষি জমির মাটি কাটার মহোৎসব : প্রশাসনের হস্তক্ষেপ কামনা শিরোনামে স্থানীয় ও জাতীয় পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়।

সংবাদ প্রকাশের জেরে গতকাল সোমবার বিকালে পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট মোঃ শবিরুল ইসলাম এর নের্তৃত্বে চুয়াডাঙ্গার দর্শনা আকন্দবাড়িয়া গ্রামে অভিযানিক দল সত্যতা পাওয়ায় দুটি ইটভাটায় অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে দুটি ইটভাটায় ভ্রাম্যমান আদালত বসিয়ে ২ লক্ষ করে ৪ লক্ষ টকা জরিমানা করেন। এ ভ্রাম্যমান আদালত পরিচালনা ও রায় প্রদান করেন পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় খুলনা কার্যালয়ের এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট মোঃ শবিরুল ইসলাম। দন্ডপ্রাপ্তরা ঘটনাস্থলে জরিমানার টাকা পরিশোধ করে অন্যান্য দন্ড থেকে রেহায় পান।

এ অভিযানে সহায়তা করেন কুষ্টিয়া পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা ও চুয়াডাঙ্গা সদর থানার এসআই আফজাল হোসেন, এএসআই সাদ্দাম হোসেন সহ সঙ্গীয় পুলিশ সদস্যরা।

সুন্দর বাংলাদেশ

শুধু নামাজ আদায় নয়, ইসলামি গবেষণা, সংস্কৃতি ও জ্ঞানচর্চার কেন্দ্রবিন্দু হিসেবে মসজিদ ব্যবহার করা মুসলিমদের ঐতিহ্য। যদিও আগের সে ঐতিহ্য এখন আর নেই। মসজিদগুলো এখন ব্যবহার হয় শুধু নামাজের জন্যই। বর্তমান সরকার সারাদেশে দৃষ্টিনন্দন ৫৬০ টি মডেল মসজিদ নির্মাণ করছে।
গাংনী উপজেলা পরিষদের প্রাণ কেন্দ্রে প্রায় ১৩ কোটি ১৭ লাখ টাকা ব্যায়ে নির্মাণাধীন মসজিদটি শোভা পাচ্ছে স্ব-মহিমায়।

অসহায়ের আলু সংগ্রহ

কৃষক তার জমি থেকে আলু তুলে নিয়ে গেছে। সেখানেই নিড়ানী দিয়ে পতিত আলু তুলতে ব্যাস্ত অসহায় বৃদ্ধা মাহিরন নেছা (৮০) তার নাতি ছেলে হৃদয় (৫)। মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের ব্রজপুর মাঠ থেকে ছবিটি তুলেছেন জুলফিকার

আলী কানন |

শীতের সকাল

ছবি-২ । শীতের সকালে চারিদিক ঘন কুয়াশা

ছবি-৪। আগুন জ্বালিয়ে শীত নিবারণের চেষ্টা